ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৬৫০

কুমারঘাট, ৭ নভেম্বর, ২০২৫

**কুমারঘাটে বন্দেমাতরম'র ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান**

সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত বন্দেমাতরম গান রচনার ১৫০ বর্ষ পূর্তি উপলক্ষে কুমারঘাট মহকুমা ভিত্তিক অনুষ্ঠান যথার্থ মর্যাদায় আজ কুমারঘাট পঞ্চায়েত সমিতির হলে আয়োজিত হয়। অনুষ্ঠানে রাষ্ট্র সংগীত 'বন্দেমাতরম' গাওয়া হয়। এ উপলক্ষে দিল্লি থেকে সরাসরি সম্প্রচারিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভাষণ অনুষ্ঠানে দেখানো হয়। এছাড়া মুখ্যমন্ত্রীর অডিও-ভিজ্যুয়াল মেসেজ ও শর্ট ফিল্ম দেখানো হয়।

মহকুমা ভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। উপস্থিত ছিলেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, ভাইস চেয়ারম্যান শংকর দেব, মহকুমা শাসক এন এস চাকমা, কুমারঘাট ব্লকের বিডিও ডা. সুনীল ভৌমিক সহ বিশিষ্টজনেরা। অতিথিগণ ভারতমাতার প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। দিনটির তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, মহকুমা শাসক এন এস চাকমা ও সমাজসেবী পবিত্র দেবনাথ। কুমারঘাট বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা পরিবেশন করেন 'বন্দেমাতরম' গান। এই দিনটি উদযাপনের অঙ্গ হিসেবে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের উদ্যোগে র‍্যালি ও বিভিন্ন অনুষ্ঠান আয়োজিত হয়।

*******